তারিখ ...20 JUL 2016...
পৃষ্ঠা ...৩... কলাম...৬...

কালের কণ্ঠ

# পাবলিক বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার সম্ভাব্য তারিখ

**নিজস্ব প্রতিবেদক ▷**

দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর ২০১৬-১৭ শিক্ষাবছরের স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার সম্ভাব্য তারিখ নির্ধারণ করেছে উপাচার্যদের সংগঠন 'বিশ্ববিদ্যালয় পরিষদ'। গতকাল মঙ্গলবার রাজধানীর শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে (শেকৃবি) পরিষদের স্ট্যান্ডিং কমিটির ২৪৭তম সভায় এ তারিখ নির্ধারণ করা হয়। মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. আলাউদ্দিন এ সভায় সভাপতিত্ব করেন। সভায় অধিকাংশ বিশ্ববিদ্যালয়ের উপাচার্যরা উপস্থিত ছিলেন। বিশ্ববিদ্যালয়গুলোতে ২০১৬-১৭ শিক্ষাবর্ষে সম্ভাব্য ভর্তি পরীক্ষার তারিখ হচ্ছে—

**প্রকৌশল বিশ্ববিদ্যালয় :** বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (বুয়েট) ২২ অক্টোবর। চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ৫ নভেম্বর। রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২৬ অক্টোবর। খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২৮ অক্টোবর এবং বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়, তেজগাঁও, ঢাকায় ১৮ নভেম্বর।

**কৃষি বিশ্ববিদ্যালয় :** শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকায় ৯ ডিসেম্বর। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহে ২৯ অক্টোবর। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুরে ৮ নভেম্বর। সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ে ২৫ নভেম্বর। চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সায়েন্সেস বিশ্ববিদ্যালয়ে ৩ ডিসেম্বর।

**বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় :** শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেটে ২৬ নভেম্বর। হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুরে ১৮ থেকে ২১ ডিসেম্বর। যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ৪ থেকে ৭ নভেম্বর। মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, টাঙ্গাইলে ১০ ও ১১ ডিসেম্বর। পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২ ডিসেম্বর। নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ১১ ও ১২ নভেম্বর। পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২৩ ডিসেম্বর।

**অন্যান্য বিশ্ববিদ্যালয় :** ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২৩, ২৪, ৩০ সেপ্টেম্বর ও ২১, ২৮ অক্টোবর জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার দিনগুলোয় বিকেলে। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকায় ১৯ থেকে ২৭ নভেম্বর। রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ২৩ থেকে ২৭ অক্টোবর। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ২৩ থেকে ৩১ অক্টোবর। খুলনা বিশ্ববিদ্যালয়ে ৩ থেকে ৫ নভেম্বর। ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়ায় ১৯ থেকে ২৪ নভেম্বর। জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহে ২৪ থেকে ২৮ নভেম্বর। বরিশাল বিশ্ববিদ্যালয়ে ১৮ ও ১৯ নভেম্বর। বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুরে ১৩ থেকে ১৭ নভেম্বর। বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালসে ১৪, ১৫, ২১ ও ২২ অক্টোবর। কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে ২,৩ ও ৯ ডিসেম্বর, ইসলামী আরবি বিশ্ববিদ্যালয়ে ২৬ ডিসেম্বর ফাজিল (সম্মান), ৮ থেকে ২০ জানুয়ারি ২০১৭ ফাজিল (পাস)।